

💵 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৩১

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - আবূ বাকর সিদ্দীক (রাঃ) -এর মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفَصْلُ الثَّنِفُ (بَابِ مَنَاقِبِ أَبِي بكر)

আরবী

وَعَنْ عَائِشَةَ أَنَّ أَبَا بَكْرٍ دَخَلَ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: «أَنْت عتيقُ اللَّهِ من النَّار». فَيَوْمئِذٍ سمي عتيقا. رَوَاهُ التِّرْمِذِيِّ

صحيح ، رواه الترمذى (3679 وقال: غريب) * اسحاق بن يحيى بن طلحة ضعيف وللحديث شاهد عند ابن الاعرابي في المعجم (409) و سنده صحيح فالحديث صحيح

বাংলা

৬০৩১-[১৩] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। একদিন আবূ বকর সিদ্দীক (রাঃ) রাসূলুল্লাহ (সা.) -এর কাছে উপস্থিত হলে তিনি তাঁকে (লক্ষ্য করে) বললেন, আপনি জাহান্নামের আগুন হতে আল্লাহর 'আতীক (আযাদপ্রাপ্ত)। সেদিন হতে তিনি আতীক উপাধিতে প্রসিদ্ধ হন। (তিরমিযী)

ফুটনোট

সহীহ: তিরমিয়ী ৩৬৭৯, সহীহুল জামি ১৪৮২, সিলসিলাতুস সহীহাহ ১২৫, সহীহ ইবনু হিবানে ৬৮৬৪, আল মুসতাদরাক লিল হাকিম ৩৫৫৭।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَيَوْمِئِذُ سِمِي عتيقا) ইমাম ইবনুল জাওযী (রহিমাহুল্লাহ) তালিকিহ নামক গ্রন্থে আবূ বাকর (রাঃ)-কে 'আতীক উপাধি দেয়ার ব্যাপারে তিনটি উক্তি উল্লেখ করেছেন,

১) নবী (সা.) বলেছেন, যে ব্যক্তি জাহান্নাম হতে মুক্তিপ্রাপ্ত ব্যক্তিকে দেখতে চায় সে যেন আবূ বাকর (রাঃ) -কে দেখে।



২) মূসা ইবনু তলহাহ বলেন, 'আতীক নামটি তার মা রেখেছিলেন। ৩) রায়সি ইবনু সা'দ বলেন, তার সুন্দর চেহারার জন্য এ নাম রাখা হয়।

ইবনু কুতায়বাহ্ (রহিমাহুল্লাহ) বলেন, নবী (সা.) তাকে এ উপাধি দেন তার সুন্দর চেহারার জন্য। লেখক বলেন, প্রথম উক্তিটিই গ্রহণযোগ্য। (তুহফাতুল আহওয়াযী হা. ৩৬৮৮)।

النَّهِ من النَّارِ» . فَيَوْمِئِذٍ سمي عتيقًا. ﴿ كَالَّهُ من النَّارِ» . فَيَوْمِئِذٍ سمي عتيقًا. ﴿ كَاللَّهُ من النَّارِ» . فَيَوْمِئِذٍ سمي عتيقًا ﴿ كَاللَّهُ مِن النَّارِ» . فَيَوْمِئِذٍ سمي عتيقًا كله كتاب عتيقًا لللّه من النَّارِ» . فيَوْمِئِذٍ سمي عتيقًا كتاب عتيقًا للله من النَّارِ» . فيَوْمِئِذٍ سمي عتيقًا كتاب عتيقًا للله من النَّارِ» . فيَوْمِئِذٍ سمي عتيقًا كتاب عتيقًا للله من النَّارِ» . فيَوْمِئِذٍ سمي عتيقًا كتاب عتيقًا اللّه من النَّارِ» . فيَوْمِئِذٍ سمي عتيقًا كتاب عتيقًا اللّه من النَّارِ» . فيَوْمِئِذٍ سمي عتيقًا كتاب عتيقًا اللّه من النَّارِ» . فيَوْمِئِذٍ سمي عتيقًا الله عتيقًا الله عن النَّارِ» . فيَوْمِئِذٍ سمي عتيقًا الله عتيقًا الله عن النَّارِ» . فيَوْمِئِذٍ سمي عتيقًا الله عن الله عن النَّارِ» . فيَوْمِئِذٍ سمي عتيقًا الله عن الله عن النَّارِ» . فيَوْمِئِذٍ سمي عتيقًا الله عن الله

বায়তুল্লাহ বা কা'বাহ ঘরক 'আতীক বলা হয় তার সম্মানের জন্য অথবা প্রাচীনতম হওয়ার দিক থেকে অথবা উঁচু স্থানে হওয়ার দিক থেকে, কেননা তাকে তুফানে তলিয়ে যাওয়া হতে মুক্ত রাখা হয়েছে এবং অত্যাচারী শাসকের হস্তক্ষেপ হতে রক্ষা করা হয়েছে।

(فَيَوْمئِذ سمى عتيقا) ঐ দিন হতে আবূ বাকর -এর উপাধি দেয়া হয় 'আতীক।

লেখক বলেন, তার নাম হলো 'আবদুল্লাহ ইবনু উসমান আবৃ কুহাফা সপ্তম পূর্বপুরুষ গিয়ে নবীর বংশের সাথে মিলেছে। তিনি ইসলাম গ্রহণকারী সর্বপ্রথম পুরুষ। তিনি শুভ্র ছিলেন, হালকা পাতলা গঠনের, উজ্জ্বল চেহারার ডাবা চক্ষু বিশিষ্ট গালদ্বয় ক্ষীণকায়।

জন্ম: তিনি ফীলের ঘটনার দুই বছর চার মাস পর বা কিছুদিন বাকী থাকতে মক্কায় জন্মগ্রহণ করেন।
মৃত্যু: তিনি তের হিজরী জুমাদাল আখেরা মাসের আটদিন অবশিষ্ট থাকতে মঙ্গলবার রাতে মাগরিব ও 'ইশার
মধ্যবর্তী সময়ে ৬৩ বছর বয়সে মদীনায় মৃত্যুবরণ করেন। তিনি তার স্ত্রী আসমা বিনতু 'উমায়স-কে গোসলের
জন্য ওয়াসিয়্যাত করেন। উমার ইবনুল খত্তাব (রাঃ) তার জানাযার সালাত আদায় করান। তার খিলাফতকাল ছিল
দুই বছর চার মাস ১০দিন। (মিরক্কাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন